

এবারও সুখী দেশের তালিকার শীর্ষে ফিনল্যান্ড

- A Monitor Desk Report

Date: 20 March, 2026



ঢাকা : নবমবারের মতো বিশ্বের সুখী দেশের তালিকার শীর্ষে রয়েছে ফিনল্যান্ড। আর বাংলাদেশ রয়েছে তালিকার ১৩৪তম অবস্থানে, যা গত বছরও ছিলো।

দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে কেবল আফগানিস্তানের অবস্থান বাংলাদেশের পেছনে। চলতি বছর তালিকায় থাকা ১৪৭টি দেশের মধ্যে ১৪৩-এ রয়েছে দেশটি।

শুক্রবার (২০ মার্চ) প্রকাশিত ওয়ার্ল্ড হ্যাপিনেস রিপোর্ট-২০২৬ থেকে এ খবর জানা গেছে।

প্রতি বছর ২০ মার্চ বিশ্ব সুখ দিবস বা হ্যাপিনেস ডে পালিত হয়। ২০১২ সালের জুনে জাতিসংঘের সাধারণ পরিষদ কর্তৃক প্রতিষ্ঠিত হয় দিবসটি। বিশ্ব সুখী দিবসের লক্ষ্য মানুষকে তাদের জীবনে সুখ এবং সুস্থতার গুরুত্ব উপলব্ধি করানো। দিবসটি উপলক্ষে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের ওয়েলবিয়িং রিসার্চ সেন্টার, গ্যালাপ এবং জাতিসংঘের টেকসই উন্নয়ন সমাধান নেটওয়ার্ক প্রকাশ করেছে ওয়ার্ল্ড হ্যাপিনেস প্রতিবেদন।

মাথাপিছু মোট দেশজ উৎপাদন (জিডিপি), সামাজিক সহায়তা, সুস্থ জীবনযাপনের প্রত্যাশা, স্বাধীনতা, উদারতা ও দুর্নীতি নিয়ে মনোভাবসহ বিভিন্ন মানদণ্ডের ভিত্তিতে প্রতিবেদনটি দেশগুলোকে মূল্যায়ন করে।

১৪০টির বেশি দেশ থেকে গ্যালাপ বিশ্ব জরিপের মাধ্যমে সংগ্রহ করা তথ্যের ভিত্তিতে এ প্রতিবেদন প্রস্তুত করা হয়। জরিপে অংশগ্রহণকারীরা তাদের সর্বশেষ তিন বছর কেমন কেটেছে, তার তথ্য দেন এবং সেই ভিত্তিতে দেশের মানুষের সুখী হওয়ার একটি গড় মূল্যায়ন করা হয়। এবারের প্রতিবেদনের জন্য ২০২৩ থেকে ২০২৫ সাল বিবেচনায় নেওয়া হয়েছে।

বিশ্বের শীর্ষ ১০টি সুখী দেশ কোনগুলো।

২. ডেনমার্ক
৩. আইসল্যান্ড
৪. সুইডেন
৫. নেদারল্যান্ডস
৬. কোস্টারিকা
৭. নরওয়ে
৮. ইসরায়েল
৯. লুক্সেমবার্গ
১০. মেক্সিকো

-B